

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১১.২২.১০৬৬

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮

২৯ মার্চ ২০২২

বিষয়: টাঙ্গাইল জেলার ভুঞাপুর উপজেলাধীন কাষ্টপাড়া আলিম মাদ্রাসায় কর্মরত অফিস সহকারী কাম হিসাব সহকারী জনাব ফরিদা পারভিন (ইনডেক্স নং-M0012597) এর এমপিওশীটে ব্যাংক হিসাব নম্বর সংশোধন প্রসঙ্গে।

সূত্র: (১) USEO, ভুঞাপুর, টাঙ্গাইল এর প্রত্যয়ন/স্মারক নং-উমাশিঅ/ভুঞা/বিবিধ/৩১৩/১৯/৬৩; তারিখ: ১৯/০৩/২০২১খ্রি:

(২) তদন্ত কমিটির প্রতিবেদন, স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.২৩.০০১.২১-৪৫; তারিখ: ০২/০৩/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার ভুঞাপুর উপজেলাধীন কাষ্টপাড়া আলিম মাদ্রাসায় কর্মরত অফিস সহকারী কাম হিসাব সহকারী জনাব ফরিদা পারভিন (ইনডেক্স নং-M0012597) এর এমপিওশীটে ব্যাংক হিসাব নম্বর সংশোধনের আবেদন বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ কর্তৃক অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)।

২। অগ্রায়নপত্র এবং সংযুক্ত ডকুমেন্টস্ পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব ফরিদা পারভিন বর্ণিত মাদ্রাসায় ১৫/১২/২০২০ তারিখে অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে যোগদান করেন এবং ফেব্রুয়ারী/২০২১ মাসে প্রথম এমপিওভুক্ত হন। প্রথম এমপিও শীটে জনাব ফরিদা পারভিন এর ব্যাংক হিসাব নম্বর 0200016266113 যা বর্তমান পর্যন্ত চলমান রয়েছে।

৩। অফিস সহকারী কাম হিসাব সহকারী জনাব ফরিদা পারভিন (ইনডেক্স নং- M0012597) এর ব্যাংক হিসাব নম্বর 0200016263113 সংশোধন বিষয়ে “ সঠিক ব্যাংক হিসাব নম্বর সংশোধনের জন্য তাহার আবেদনপত্রসহ প্রয়োজনীয় তথ্যাদি মহোদয় বরাবর অগ্রায়ন করা হলো।” মর্মে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভুঞাপুর, টাঙ্গাইল কর্তৃক সুদ্রোস্ত ১ নং স্মারকে অগ্রায়ন প্রদান করা হয়।

৪। পরবর্তীতে আনুষ্ঠানিক ডকুমেন্ট যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামত প্রমাণকসহ প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোঃ লুৎফর রহমান, সহকারী পরিচালক (অর্থ), জনাব মোঃশরিফুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে যাচাই/ তদন্ত কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হলে তদন্ত কর্মকর্তাগণ নিম্নোক্ত রূপে সুপারিশ প্রদান করেন:-

“ ব্যাংক হিসাব 0200016266113 এর স্থলে সঠিক ব্যাংক হিসাব নং- 0200016263113 অগ্রণী ব্যাংক লি. ভুঞাপুর শাখা, টাঙ্গাইল প্রতিস্থাপনের জন্য সুপারিশ করা হলো।”

৫। অধ্যক্ষের এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভুঞাপুর, টাঙ্গাইল এর অগ্রায়ন এবং তদন্ত কর্মকর্তার সুপারিশ এর ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব ফরিদা পারভিন, অফিস সহকারী কাম হিসাব সহকারী এর তথ্য এবং প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী,ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	অফিস সহকারী কাম হিসাব সহকারী পদে যোগদানের তারিখ এবং এমপিওভুক্তির তারিখ	এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নম্বর	প্রার্থীর চাহিত ব্যাংক হিসাব নম্বর	মন্তব্য
০১	ফরিদা পারভিন/FARIDA PARVEN (ইনডেক্স নং- M0012597), অফিস সহকারী কাম হিসাব সহকারী, কাষ্টপাড়া আলিম মাদ্রাসা, ভুঞাপুর, টাঙ্গাইল।	১৫/১২/২০২০ খ্রিঃ এবং ফেব্রুয়ারী/২০২১	0200016266113	0200016263113	এমপিও শীটে আবেদনকারী প্রার্থীর চাহিত ব্যাংক হিসাব নম্বর 0200016263113 সংশোধন যোগ্য।

৫। এমতাবস্থায়, প্রতিকার প্রার্থীর আবেদন, অধ্যক্ষের এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের অগ্রায়ন এবং তদন্ত কর্মকর্তার সুপারিশ মোতাবেক টাঙ্গাইল জেলার ভুঞাপুর উপজেলাধীন কাষ্টপাড়া আলিম মাদ্রাসায় কর্মরত অফিস সহকারী কাম হিসাব সহকারী জনাব ফরিদা পারভিন (ইনডেক্স নং-M0012597) এর এমপিওশীটে ব্যাংক হিসাব নম্বর 0200016263113 হিসেবে সংশোধনের প্রয়োজনীয়

ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।
- ২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তহরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।
- ৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।
- ৪। প্রতিকার প্রার্থী জনাব ফরিদা পারভিন, অফিস সহকারী কাম হিসাব সহকারী কোন প্রকার বকেয়া দাবি করতে পারবেনা।
- ৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদিভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবেনা।

২৯-৩-২০২২

কে. এম. রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মাদ্রাসা
শিক্ষা ব্যবস্থাপনা ও ইনফরমেশন সিস্টেম (মেমিস), মাদ্রাসা
শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.৩৫.০১১.২২.১০৬৬/১(৬)

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮
২৯ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপ পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, টাঙ্গাইল
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভুঞাপুর, টাঙ্গাইল।
- ৫) সভাপতি/অধ্যক্ষ/প্রতিকার প্রার্থী জনাব ফরিদা পারভিন, অফিস সহকারী কাম হিসাব সহকারী, কাষ্টপাড়া আলিম মাদ্রাসা, ভুঞাপুর, টাঙ্গাইল।
- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২৯-৩-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)